দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website:www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চিটাগাংকাস্টমস্ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিংএজেন্টস্এসোসিয়েশন

**CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION**

সি এন্ড এফটাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখমুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচারপত্র নং- ৭৬ /২০২১ তারিখঃ ০৮/১২/২০২১খ্রিঃ

**সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,**

সিইপিজেড ডিভিশন, কাস্টমহাউস, চট্টগ্রাম এর স্মারক নং-সিইপিজেড/৪১/পলিসি/বিবিধ/২০২০-২১(অংশ-১)/১৪৯(কাস) তারিখঃ ০৫/১২/২০২১খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

মোঃ মিজানুর রহমান
সচিব

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিইপিজেড ডিভিশন, কাস্টমহাউস, চট্টগ্রাম।
www.chc.gov.bd E_mail:customhousectg@Gmail.com

নথি নং- সিইপিজেড/৪১/পলিসি/বিবিধ/২০২০-২১(অংশ-১)/১৪৯(কাস) তারিখঃ ০৫/১২/২০২১খ্রিঃ

## "গণবিজ্ঞপ্তি"

এতদ্বারা কাস্টম হাউস চট্টগ্রাম -এর সিইপিজেড ডিভিশনের আওতাধীন সকল আমদানিকারক/রপ্তানিকারক/ইনভেস্টর/ কমার্শিয়াল ম্যানেজার/সিএন্ডএফ এজেন্ট/কাস্টমস সরকার/জেটি সরকারগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি অত্র দপ্তরে ০২(দুই) জন কর্মকর্তার আইডি ও পাসওয়ার্ড হ্যাকড্/চুরি/প্রযুক্তিগত প্রক্রিয়ায়/কৌশলগত উপায়ে/অবৈধ অনুপ্রবেশকারীর সহযোগিতায়/অন্যবিধভাবে সংগ্রহ করে কাস্টমস ASYCUDA World System এ প্রবেশ করে সিস্টেমেটিক শুল্কায়ন দেখিয়ে; বেপজা ইপিজেডস্থ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের কাঁচামাল শুল্কায়নের তড়িৎ ও তাৎক্ষণিক সেবা (Trade Facilitation) এর আড়ালে ও ফাঁক-ফোকরে কিছু জাল/বানোয়াট/ভূয়া/অসত্য/ভিত্তিহীন দলিলাদি দাখিলের মাধ্যমে কিছু পণ্যচালান অবৈধভাবে খালাস গ্রহণের অপচেষ্টা চালানো হয়। তন্মধ্যে ২টি পণ্যচালান অত্র দপ্তরের তৎপরতায় আটক করা সম্ভব হয়। জাতীয় গুরুত্বপূর্ণ এ ইস্যুটি কয়েকটি জাতীয় প্রিন্ট ও ইলেকট্রিক মিডিয়ার বহুলভাবে সম্প্রচারিত হয়েছে। বিষয়টি নিয়ে কাস্টম হাউস চট্টগ্রাম কর্তৃক গঠিত তদন্ত কমিটি এবং সরকারী একাধিক দপ্তর ও সংস্থা কাজ করছে। এমতাবস্থায় ভবিষ্যতে এহেন অপকর্ম ও অপচেষ্টা নিবারণ/প্রতিরোধ/চিহ্নিত/নিরুৎসাহিত করণের উদ্দেশ্যে ও কর্মকর্তাদের আইডি-পাসওয়ার্ড সুরক্ষা/জাল-জালিয়াতি রোধ/রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের সুনাম সুরক্ষা/অবৈধ অনুপ্রবেশকারীগণকে চিহ্নিতকরণ/সার্বিক নিরাপত্তা/সর্তকতামূলক কার্যক্রমের অংশ হিসেবে 'সিইপিজেড ডিভিশন' কাস্টমস কর্তৃপক্ষ নিম্নরুপ নোটিশ/গণবিজ্ঞপ্তি জারি করলো:

ক) প্রত্যেক কর্মদিবসের বেলা ১২.০০ ঘটিকার মধ্যে যে সকল ত্রুটিমুক্ত আবেদন/নিবেদন/ফোল্ডার/ডকেটিং/বি-ই পাওয়া যাবে তা ঐ দিনই নিস্পত্তি/নিস্পত্তির লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা/করতে হবে এবং বেলা ১২.০০ ঘটিকার পরে প্রাপ্ত আবেদন/নিবেদন/ফোল্ডার/ডকেটিং/বি-ই এর কার্যক্রম পরবর্তী কর্মদিবসে বেলা ১২.০০ ঘটিকার পূর্বে গ্রহণ করা/করতে হবে;

খ) কর্মকর্তাদের টেবিলের সামনে নথি হাতে অযথা ভিড়/জটলা তৈরী করা যাবে না। প্রয়োজনে লাইন ধরে ধারাবাহিকতা রক্ষা করে দাপ্তরিক পরিবেশ বজায় রেখে সুশৃঙখলভাবে কাজ সম্পন্ন করতে হবে;

গ) কর্মকর্তাগণ কর্তৃক প্রাপ্ত আবেদন/নিবেদন/ফোল্ডার/নথি/বি-ই এর কার্যক্রম ডকেটিং/উপস্থাপনের ক্রমধারা অনুসারে (প্রযোজ্য ক্ষেত্রে) বা ধারাবাহিকভাবে সম্পন্ন করা/করতে হবে।

ঘ) কায়িক পরীক্ষায়/শুল্কায়নে/দলিলাদি ও নথি পর্যালোচনায় কোন ফাইন্ডিংস পরিলক্ষিত হলে তা যথা সম্ভব দ্রুততম সময়ের মধ্যে উর্ধ্বতন কর্মকর্তাকে অবহিত করতে হবে এবং এরূপ মেরিটযুক্ত ফাইল ব্যক্তিগত তদারকিতে নিস্পত্তি করতে হবে।

(চলমান পাতা -২)

ঙ) শুল্কায়ন ও রাজস্ব সংক্রান্ত কোন অনিষ্পন্ন বি/ই সিএন্ডএফ এজেন্ট/আমদানিকারক/কর্মকর্তা কর্তৃক ধরে রাখলে/আটকে রাখলে/রক্ষিত থাকলে লাইসেন্সিং বিধিমালা/আইন/আচরণ বিধিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হবে।

চ) পারমিটধারী কাস্টমস সরকার ও জেটি সরকারগণকে অবশ্যই বৈধ-পরিচয়পত্র (আইডি কার্ড) বহন ও চাহিবামাত্র তা প্রদর্শন করতে হবে;

ছ) যেকোন আবেদন/নিবেদন কোর্ট ফি সংযুক্ত করে নিজস্ব প্রতিষ্ঠানের প্যাডে করতে হবে; যাতে প্রতিষ্ঠানের নাম, পূর্ণ ঠিকানা, স্বত্ত্বাধিকারী নাম, মোবাইল নম্বর, ই-মেইল ঠিকানা উল্লেখ থাকতে হবে;

জ) কাস্টম সরকার/জেটি সরকার কর্তৃক আবেদন/নিবেদন তার স্বাক্ষর ও তারিখের নিচে স্বাক্ষরকারীর পূর্ণ তথ্য ( নাম, পরিচিতি নম্বর, পদবী, প্রতিষ্ঠানের নাম ও রেজিষ্ট্রার্ড মোবাইল নম্বর) সম্বলিত সিল থাকতে হবে;

ঝ) বি/ই সংশোধনী আবেদনের ক্ষেত্রে সিএন্ডএফ এজেন্ট আবেদন করলে, সংশোধিত দলিলাদি আমদানি/রপ্তানিকারক প্রতিষ্ঠান বা তার কমার্শিয়াল ম্যানেজার কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সংশোধনের ক্ষেত্রে কলাম নং, পূর্বের তথ্য ও সংশোধনযোগ্য তথ্য ছক আকারে উল্লেখ করতে হবে।

ঞ) নির্ধারিত সময়ের বাইরে কর্মকর্তাদের কক্ষে দর্শনার্থী হিসেবে (রপ্তানী কার্যক্রম ব্যতীত) প্রবেশ করা যাবে না;

ট) আমদানি-রপ্তানি প্রতিষ্ঠান বা নিযুক্ত কর্মকর্তা/সিএন্ডএফ এজেন্ট/ওয়ার্ক-পারমিট ও আইডিধারী বৈধ কাস্টম/জেটি সরকার ব্যতিত কেহ অত্র দপ্তর ও কার্য এলাকায় বিনা অনুমতিতে প্রবেশ/ঘোরাফেরা করতে পারবে না।

ঠ) এরূপ বহিরাগতদেরকে কে.পি.আই (KPI) না ভূক্ত এলাকায় রপ্তানি কার্যক্রম বিঘ্নিতকরণে অবৈধ অনুপ্রবেশকারী হিসাবে চিহ্নিত করে; ঘটে যাওয়া দুর্ঘটনার সন্দেহভাজন আশঙ্কায় অনুসন্ধান/তদন্তের নিমিত্তে আইনের আশ্রয়ে সোর্পদ করা হবে।

এমতাবস্থায়, বৈদেশিক মুদ্রা আহরণে নিয়োজিত রাষ্ট্রের ৯টি ইপিজেডস্থ শিল্প-প্রতিষ্ঠানের আমদানি-রপ্তানি শুল্কায়নে কর্তব্যরত জাতীয় গুরুত্বপূর্ণ এ দপ্তর/কার্যক্রম/আমদানি নির্ভর অর্থনীতির রপ্তানিমুখী যাত্রা/বিদেশি বিনিয়োগকারীদের স্বদেশমুখী প্রবাহকে কোনভাবে যাতে কেহ/কোন সংঘবদ্ধ চক্র প্রভাবিত/বাধাগ্রস্থ করতে না পারে সে ব্যাপারে সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থা/এসোসিয়েশন/ফোরাম/কর্তৃপক্ষ/মিডিয়া/প্রতিষ্ঠান/ব্যক্তিবর্গকে দায়িত্বশীল ভূমিকা পালনের অনুরোধ করা হলো। এ ব্যাপারে কোন জটিলতা সৃষ্টি হলে/পরামর্শ থাকলে/স্পর্শকাতর তথ্য পাওয়া গেলে তা নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করতেও অনুরোধ করা হলো।

বি.দ্রঃ- নোটিশ/গণবিজ্ঞপ্তি ' The Customs Act, 1969' এর Section-215(a) অনুসারে জারি করে আইনানুগ কার্যার্থে 215(b) অনুসারে নোটিশ বোর্ডে টানানো হলো।

স্বাক্ষরিত/-
(মোঃ মিজানুর রহমান)
ডেপুটি কমিশনার অব কাস্টমস্
সিইপিজেড ডিভিশন।